

# Official Spokesperson's response to media queries on the Press Conference by Pakistan's MoFA and the Establishment

November 15, 2020

পাকিস্তানের বিদেশ মন্ত্রক এবং এস্টাব্লিশমেন্টের পক্ষ থেকে সংবাদ সম্মেলনের বিষয়ে মিডিয়ায় প্রশ্নের জবাবে সরকারী মুখপাত্রের প্রতিক্রিয়া

15ই নভেম্বর, 2020

পাকিস্তানের বিদেশ মন্ত্রক এবং এস্টাব্লিশমেন্ট সংক্রান্ত সংবাদ সম্মেলনের বিষয়ে মিডিয়ায় প্রশ্নের জবাবে সরকারী মুখপাত্র শ্রী অনুরাগ শ্রীবাস্তব বলেছেন:

আমরা পাকিস্তানি এস্টাব্লিশমেন্টের একটি সংবাদ সম্মেলনের মিডিয়া রিপোর্ট দেখেছি। এটি ভারতবিরোধী অপপ্রচারের আরও একটি ব্যর্থ প্রচেষ্টা মাত্র।

ভারতের বিরুদ্ধে 'প্রমাণের' তথাকথিত দাবিগুলির কোনওরকম বিশ্বাসযোগ্যতা নেই, এগুলি মনগড়া এবং সম্পূর্ণরূপে কল্পনাপ্রসূত। আন্তর্জাতিক সম্প্রদায় পাকিস্তানের পদক্ষেপ সম্পর্কে সচেতন এবং সন্ত্রাসবাদের প্রতি তাদের এই পৃষ্ঠপোষকতার প্রমাণ স্বয়ং তাদের নিজস্ব নেতৃত্ব স্বীকার করে নিয়েছে সুতরাং তাদের এই মরিয়া প্রচেষ্টাটি খুব বেশি মূল্য পাবে না।

বিশ্বব্যাপী সন্ত্রাসের মুখ, ওসামা বিন লাদেনকে পাকিস্তানে পাওয়া গিয়েছিল; পাকিস্তানের প্রধানমন্ত্রী তাকে সংসদে দাঁড়িয়ে 'শহীদ' বলে অভিহিত করেছিলেন; তিনি পাকিস্তানে 40,000 সন্ত্রাসবাদীর উপস্থিতি স্বীকার করেছেন; তাদের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী পুলওয়ামা সন্ত্রাসবাদী হামলায় গর্বের সাথে প্রধানমন্ত্রীর নেতৃত্বে পাকিস্তানের জড়িত থাকার এবং সাফল্যের দাবি করেছিলেন, যাতে গর্বের সাথে জন ভারতীয় সেনা শহীদ হয়েছিলেন।

শান্তি ও সম্প্রীতি বজায় রাখতে 2003 সালের যুদ্ধবিরতি বোঝাপড়ার প্রতি সংযম এবং সোটি মেনে চলার জন্য বারবার আহ্বান জানানো সত্ত্বেও, পাকিস্তানি সামরিক বাহিনী অনুপ্রবেশকারীদের সমর্থনকারী কভার ফায়ার সরবরাহ অব্যাহত রেখেছে। সন্ত্রাসবাদীদের অব্যাহত অনুপ্রবেশ এবং সন্ত্রাসবাদী কর্মকাণ্ড প্রচারের জন্য অস্ত্রের ব্যবহারও কোনও রকম বাধানিষেধ ছাড়াই জারী রয়েছে। এলওসি-তে মোতামেন পাকিস্তানি সেনাবাহিনীর সমর্থন ছাড়া এ ধরনের কাজকর্ম সম্ভব নয়।

এই সংবাদ সম্মেলন ছিল অভ্যন্তরীণ রাজনৈতিক ও অর্থনৈতিক ব্যর্থতা থেকে দৃষ্টি সরিয়ে রাখার জন্য পাকিস্তানি প্রতিষ্ঠানের এক প্রকার ইচ্ছাকৃত প্রচেষ্টা। এটি এলওসি এবং আইবি জুড়ে যুদ্ধবিরতি লঙ্ঘন ও আন্তঃসীমান্ত অনুপ্রবেশ সহ আন্তঃসীমান্ত সন্ত্রাসবাদকে ন্যায্য প্রমাণেরও চেষ্টা করছে।

আমরা পাকিস্তানকে সীমান্ত-সন্ত্রাসবাদকে সমর্থন বন্ধ করার আহ্বান জানাই। পাকিস্তানি নেতারা কখনও এই বিষয়টি গোপন করেননি যে এটি সন্ত্রাসবাদী উৎপাদনের কারখানা হয়ে দাঁড়িয়েছে। ভারতই একমাত্র প্রতিবেশী রাষ্ট্র নয় যে আক্রমণের লক্ষ্য হয়ে উঠেছে, একই ভাবে নিশানা হয়ে দাঁড়ানো দেশগুলির বিবৃতিগুলিকেও দেখানো হয়েছে। বিশ্বের প্রত্যন্ত অঞ্চলগুলিও সন্ত্রাসের পথটিকে পাকিস্তানে ফিরে যেতে দেখেছে। দলিল নকল করে এবং মিথ্যা বক্তব্য প্রচার করে পাকিস্তান এ জাতীয় কাজের থেকে রক্ষা পাবে না। আমরা নিশ্চিত যে বিশ্বের আগুল তাদের দিকেই উঠবে।

নিউ দিল্লি

**15ই নভেম্বর 2020**

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.